ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৭৫৬

কমলপুর, ৬ সেপ্টেম্বর, ২০২৫

**ধলাই জেলাভিত্তিক মনসামঙ্গল প্রতিযোগিতা উপলক্ষে প্রস্তুতি সভা**

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে ধলাই জেলাভিত্তিক মনসামঙ্গল প্রতিযোগীতা সফল ভাবে সম্পন্ন করার লক্ষ্যে গত ৪ সেপ্টেম্বর কমলপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন প্রশান্ত সিনহা-র সভাপতিত্বে কমলপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সনের অফিস কক্ষে প্রস্তুতি কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন ধলাই জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের বরিষ্ঠ তথ্য আধিকারিক ফকর উদ্দিন, কমলপুর মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের বরিষ্ঠ তথ্য আধিকারিক অমৃত দাস ও অন্যান্য সাংস্কৃতিক ব্যক্তিত্বগণ। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়, আগামী ১৬ সেপ্টেম্বর কমলপুর টাউন হলে অনুষ্ঠিত হবে ধলাই জেলাভিত্তিক মনসামঙ্গল প্রতিযোগিতা। এই প্রতিযোগিতায় ধলাই জেলার বিভিন্ন মহকুমা থেকে ২০টি মনসামঙ্গল দল অংশ গ্রহণ করবে। এছাড়াও সভায় সিদ্ধান্ত নেওয়া হয়, আগামী ২৬ সেপ্টেম্বর বিকাল ৫ টায় কমলপুর নজরুল ভবনে পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের জন্মজয়ন্তী উদযাপন করা হবে। ১ অক্টোবর বিকাল ৫টায় কমলপুর নজরুল ভবনে কুমার শচীন দেববর্মণের জন্মজয়ন্তী উদযাপন করা হবে। এছাড়া ২ অক্টোবর নোয়াগাঁও গ্রাম পঞ্চায়েতে মহাত্মা গান্ধীর জন্মজয়ন্তী উদযাপন উপলক্ষে স্বচ্ছ ভারত অভিযান সংগঠিত করা হবে।

*****